দৈনিক জনকণ্ঠ

তারিখ 10 MAY 1995
পৃষ্ঠা ১২ কলাম ২

14

# এসএসসি'র রেজিস্ট্রেশন কম্পিউটারে

শওকত মিলটন, বরিশাল থেকে

চলতি বছর থেকে মাধ্যমিক পর্যায়ের রেজিস্ট্রেশন কম্পিউটারের মাধ্যমে করা হবে। ফলে আগের নিয়মে রেজিস্ট্রেশনের প্রথা থাকছে না। সাম্প্রতিক রেজিস্ট্রেশন কেলেঙ্কারির পর এ ব্যবস্থা নেয়া হয়েছে। এ তথ্য নির্ভরযোগ্য সূত্রের। যশোর শিক্ষাবোর্ড সংশ্লিষ্ট সূত্রটি জানিয়েছে, রেজিস্ট্রেশন নিয়ে দুর্নীতির যে ধারা তৈরি হয়েছে তা থেকে শিক্ষা বোর্ডগুলোকে মুক্ত করার জন্য রেজিস্ট্রেশন কম্পিউটারের মাধ্যমে করার ব্যবস্থা নেয়া হয়েছে।